**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-০৫/২০১৭ এ, তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
২০ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ অধস্তন আদালতের বিচারকগণের বিচারিক ও প্রশাসনিক কাজের যথাযথ মূল্যায়ন সংক্রান্ত নীতিমালার আলোকে বিচারিক ও প্রশাসনিক কাজের মাসিক বিবরণী অন লাইনে প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে সারাদেশে মামলা দায়েরের প্রবণতার সাথে তাল মিলিয়ে বিচারাধীন মামলার সংখ্যা ও নিস্পত্তি ত্বরান্বিত করণের লক্ষ্যে অধস্তন আদালতে কর্মরত বিচারকদের কাজের যথাযথ মূল্যায়ন এবং সাফল্য নির্ধারণের মানদন্ড নিরূপণের বিষয়টি আরও যুগোপযুগী, কার্যকর ও ফলপ্রসূ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত মাননীয় প্রধান বিচারপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে এ বিষয়ে অধস্তন আদালতের বিচারকগণের বিচারিক ও প্রশাসনিক কাজের যথাযথ মূল্যায়ন সংক্রান্ত একটি খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়। পরবর্তীতে উক্ত খসড়া নীতিমালা চূড়ান্ত করণের নিমিত্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়; উক্ত কমিটি খসড়া নীতিমালা চূড়ান্ত করেন এবং পরবর্তীতে তা' মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কর্তৃক সদয় অনুমোদিত হয় **(কপি সংযুক্ত)**।

০২। এমতাবস্থায়, অধস্তন আদালতের বিচারকগণের বিচারিক ও প্রশাসনিক কাজের যথাযথ মূল্যায়ন সংক্রান্ত নীতিমালার আলোকে জুলাই, ২০১৭ খ্রিঃ হতে দিনাজপুর, লালমনিরহাট, জামালপুর, মৌলভীবাজার, পিরোজপুর, কুষ্টিয়া, বগুড়া, চাঁদপুর, মুন্সীগঞ্জ, কক্সবাজার, গাজীপুর ও বাগেরহাট জেলার অধস্তন আদালতের বিচারকগণের বিচারিক ও প্রশাসনিক কাজের মাসিক বিবরণী অন লাইনে অত্র কোর্টে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। অবিলম্বে এতদ্সংক্রান্ত সফটওয়ার বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে সন্নিবেশ ও প্রদর্শন করা হবে।

০৩। উল্লেখ্য, পর্যায়ক্রমে সারাদেশের অধস্তন আদালতের বিচারকগণের বিচারিক ও প্রশাসনিক কাজের মাসিক বিবরণী উক্ত নীতিমালা অনুসারে প্রেরণের নির্দেশনা প্রদান করা হবে।

**স্বাঃ/-**
**(আবু সৈয়দ দিলজার হোসেন)**
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

**কার্যার্থে ও সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা ও দায়রা জজ, দিনাজপুর/লালমনিরহাট/জামালপুর/মৌলভীবাজার/পিরোজপুর/কুষ্টিয়া/বগুড়া/চাঁদপুর/মুন্সীগঞ্জ/কক্সবাজার/গাজীপুর/বাগেরহাট।
০৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর/লালমনিরহাট/জামালপুর/মৌলভীবাজার/পিরোজপুর/কুষ্টিয়া/বগুড়া/চাঁদপুর/মুন্সীগঞ্জ/কক্সবাজার/গাজীপুর/বাগেরহাট।
০৪। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, দিনাজপুর/জামালপুর/মৌলভীবাজার/কুষ্টিয়া/বগুড়া-১, ২/চাঁদপুর/মুন্সীগঞ্জ/কক্সবাজার/গাজীপুর/বাগেরহাট।
০৫। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া।
০৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত, দিনাজপুর/বগুড়া/কুষ্টিয়া/জামালপুর।
০৭। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
০৮। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষণের জন্য]
০৯। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

20.06.17
**(মো'তাছিম বিল্যাহ)**
সহকারী রেজিস্ট্রার (বিচার)

# অধস্তন আদালতের বিচারকগণের বিচারিক ও প্রশাসনিক কাজের যথাযথ মূল্যায়ন সংক্রান্ত নীতিমালা

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ, ঢাকা।

অধস্তন আদালতের বিচারকগণের কাজের সামগ্রিক মূল্যায়নের নিমিত্ত বিদ্যমান ব্যবস্থাকে আধুনিকীকরণের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। শুধুমাত্র দোতরফা সূত্রে কিছু সংখ্যক মামলা নিষ্পত্তিকে মানদন্ড হিসেবে বিবেচনা না করে একজন বিচারকের জন্য নির্ধারিত দাপ্তরিক সময়ে সকল প্রকার বিচারিক কাজ (দেওয়ানী ও ফৌজদারী উভয় প্রকার মামলা রুজু হতে নিষ্পত্তি পর্যন্ত) এবং বিচার সংক্রান্ত সকল প্রশাসনিক কাজ মূল্যায়নের মাধ্যমে যে কোন পর্যায়ের একজন নিবেদিত প্রাণ বিচারকের শ্রমসাধ্য নিষ্পত্তির যথাযথ পরিমাপ করাসহ তাকে সার্বিকভাবে মূল্যায়নের লক্ষ্যে অধস্তন আদালতের বিচারকগণের বিচারিক ও প্রশাসনিক কাজের যথাযথ মূল্যায়ন সংক্রান্ত নিম্ন বর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলোঃ-

(১) প্রতি মাসে গড়ে ২২ কর্মদিবস ধরে গ্রেড পয়েন্ট অর্জন সাপেক্ষে 'অপর্যাপ্ত'/'সাধারণ'/'ভাল'/ 'উত্তম'/'অসাধারণ' গণ্য করা হবে।

(২) অর্জিত পয়েন্ট গণনার ক্ষেত্রে মূল নিষ্পত্তি (substantive disposal) ও আনুষঙ্গিক/সহায়ক নিষ্পত্তি (ancilary/secondary disposal) এর শতকরা অনুপাত হবে যথাক্রমে ৬.৫ ঃ ৩.৫।

(৩) ৫০ পয়েন্ট এর কম পয়েন্ট প্রাপ্ত হলে 'অপর্যাপ্ত' হিসেবে বিবেচিত হবে।

(৪) 'সাধারণ' মানদন্ড প্রাপ্তির নিমিত্ত ৫০-৬৪ পয়েন্ট পেতে হবে। উক্ত অন্যূন ৫০ পয়েন্ট এর অন্যূন ৩২ পয়েন্ট গণনা করা হবে মূল নিষ্পত্তি (substantive disposal) হতে। অবশিষ্ট ১৮ পয়েন্ট আনুষঙ্গিক/সহায়ক নিষ্পত্তি (ancilary/secondary disposal) হতে গণনা করা হবে।

(৫) ৬৫-৮০ পয়েন্ট প্রাপ্ত কর্মকর্তা নিষ্পত্তির ক্ষেত্রে 'ভাল' হিসেবে বিবেচিত হবেন। উক্ত অন্যূন ৬৫ পয়েন্ট এর ৪২ পয়েন্ট গণনা করা হবে মূল নিষ্পত্তি (substantive disposal) হতে। অবশিষ্ট ২৩ পয়েন্ট আনুষঙ্গিক/সহায়ক নিষ্পত্তি (ancilary/secondary disposal) হতে গণনা করা হবে।

(৬) ৮১-৯০ পয়েন্ট প্রাপ্ত কর্মকর্তা নিষ্পত্তির ক্ষেত্রে 'উত্তম' হিসেবে বিবেচিত হবেন। উক্ত অনূন্য ৮১ পয়েন্ট এর ৫৩ পয়েন্ট গণনা করা হবে মূল নিষ্পত্তি (substantive disposal) হতে। অবশিষ্ট ২৮ পয়েন্ট আনুষঙ্গিক/সহায়ক নিষ্পত্তি (ancilary/secondary disposal) হতে গণনা করা হবে।

(৭) ৯০ পয়েন্ট এর তদুর্ধ্ব অর্থাৎ ৯১ এবং তদুর্ধ্ব পয়েন্ট প্রাপ্ত কর্মকর্তা নিষ্পত্তির ক্ষেত্রে 'অসাধারণ' হিসেবে বিবেচিত হবেন। উক্ত ৯১ পয়েন্ট এর ৬০ পয়েন্ট গণনা করা হবে মূল নিষ্পত্তি (substantive disposal) হতে। অবশিষ্ট ৩১ পয়েন্ট আনুষঙ্গিক/সহায়ক নিষ্পত্তি (ancilary/secondary disposal) হতে গণনা করা হবে।

(৮) কোন বিচার বিভাগীয় কর্মকর্তার নিষ্পত্তির সংখ্যা নির্বিশেষে প্রতি মাসে মূল নিষ্পত্তির (substantive disposal) ক্ষেত্রে সর্বোচ্চ ৭০ পয়েন্ট এবং আনুষঙ্গিক/সহায়ক নিষ্পত্তি/কার্যক্রমের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ পয়েন্টের বেশী পয়েন্ট অর্জনের সুযোগ থাকবে না।

(০৯) জেলা জজ/মহানগর দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তার কাজের মূল্যায়ন প্রতি মাসে করা হলেও মাসিক প্রতিবেদন হাইকোর্ট বিভাগে প্রেরণের আবশ্যকতা নেই। প্রত্যেক কর্মকর্তার অর্জিত ৩ (তিন) মাসের গ্রেড পয়েন্ট একত্রে গড় করে নির্ধারিত ফর্মে হাইকোর্ট বিভাগে প্রেরণ করতে হবে।

(১০) হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ফর্মের আলোকে প্রত্যেক কর্মকর্তা তাঁর প্রতি মাসের নিষ্পত্তির প্রতিবেদন সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

(১১) নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদনে কোনো তথ্য গোপণ করা হলে তা' অসদাচরণের সামিল মর্মে গণ্য হবে এবং এ কারণে বিভাগীয় মামলা রুজু হতে পারে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তা মাঝে মাঝে প্রতিবেদনের সত্যতা সরেজমিনে যাচাই করে দেখবেন।

(১২) সাংবৎসরিক হিসাবে কোনো কর্মকর্তার নিষ্পত্তির গ্রেড পয়েন্ট 'অপর্যাপ্ত' মর্মে সিদ্ধান্তিত হলে উক্ত কর্মকর্তা পদোন্নতি প্রাপ্তি থেকে সাময়িকভাবে বঞ্চিত হবেন।

(১৩) মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে প্রণোদনা দেয়ার লক্ষ্যে প্রত্যেক জজশীপ/ম্যাজিস্ট্রেসীতে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা উক্ত জজশীপ/ম্যাজিস্ট্রেসীর জন্য একজন কর্মকর্তা-কে Judge of the Month/Judge of the Year হিসেবে স্বীকৃতি প্রদান করতে পারেন।

## দেওয়ানী বিষয়াবলী

## (ক) মূল নিষ্পত্তি (Substantive Disposal)

## ১. মূল মামলা/বিবিধ মামলাসমূহ (Original/Misc. Cases)

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | বাটোয়ারা মামলা (বিবাদী পক্ষের সংখ্যা ৩ সেটের অধিক হলে) | প্রতিদ্বন্দ্বিতামূলক | ৬ | মোকদ্দমা ৩ বছরের অধিক পুরাতন হলে প্রতি ৩ বছরের জন্য অতিরিক্ত ১ পয়েন্ট যোগ হবে। |
| ১.২ | বাটোয়ারা মামলা (বিবাদী পক্ষের সংখ্যা সর্বাধিক ৩ সেট হলে) | প্রতিদ্বন্দ্বিতামূলক | ৫ | |
| ১.৩ | মুসলিম অগ্রক্রয় সহ অন্যান্য দেওয়ানী প্রকৃতির মামলা (ক্রমিক ১.৪ হতে ১.৮-এ বর্ণিত মামলা ব্যতীত) | প্রতিদ্বন্দ্বিতামূলক | ৫ | |
| ১.৪ | টাকা/বাড়ীভাড়া/অর্থ ঋণ/পারিবারিক/ নির্বাচন/ট্রেড মার্ক/কপিরাইট/ সাকসেশন/প্রবেট/খ্রিস্টান বিবাহ সংক্রান্ত মামলা | প্রতিদ্বন্দ্বিতামূলক ভাবে | ৩ | |
| ১.৫ | ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল/ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ সংক্রান্ত মামলা | প্রতিদ্বন্দ্বিতামূলক | ২ | |
| ১.৬ | মুসলিম অগ্রক্রয় ব্যতিত অন্যান্য অগ্রক্রয়ের মামলা | প্রতিদ্বন্দ্বিতামূলক | ২ | |
| ১.৭ | Civil Rules & Orders-এর বিধি ৭৭৪ অনুযায়ী দায়েরকৃত বিবিধ মামলা সহ অন্য সকল দেওয়ানী বিবিধ মামলা/ভায়োলেশন মিস মামলা/বাটোয়ারা মামলার চূড়ান্ত ডিক্রি | প্রতিদ্বন্দ্বিতামূলক | ১ | |
| ১.৮ | আর্জি প্রত্যাখ্যান | প্রতিদ্বন্দ্বিতামূলক | ২ | প্রতিটি নিষ্পত্তিতে |

## ২. আপীল (দেওয়ানী/ পারিবারিক/ মিস)

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২.১ | দেওয়ানী আপীল | প্রতিদ্বন্দ্বিতামূলক | ৩ | মামলা ৩ বছরের অধিক পুরাতন হলে প্রতি ৩ বছরের জন্য অতিরিক্ত ১ পয়েন্ট যোগ হবে। |
| | | একতরফা সূত্রে গুণাগুণের ভিত্তিতে | ১.৫ | |
| ২.২ | দেওয়ানী আপীল (রিমান্ডে ফেরতের ক্ষেত্রে) | প্রতিদ্বন্দ্বিতামূলক | ১ | |
| ২.৩ | পারিবারিক আপীল | প্রতিদ্বন্দ্বিতামূলক | ২ | |
| | | একতরফা সূত্রে গুণাগুণের ভিত্তিতে | ১ | |
| ২.৪ | মিস আপীল | প্রতিদ্বন্দ্বিতামূলক | ১ | |
| | | একতরফা সূত্রে গুণাগুণের ভিত্তিতে | ০.৫ | |

## ৩. রিভিশন

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩.১ | রিভিশন | প্রতিদ্বন্দ্বিতামূলক | ১ | মামলা ৩ বছরের অধিক পুরাতন হলে প্রতি ৩ বছরের জন্য অতিরিক্ত ১ পয়েন্ট যোগ হবে। |

## ৪. মধ্যস্থতা (ADR)

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৪.১ | যে কোন প্রকার মধ্যস্থতা যদি বিচারক নিজে করেন | মধ্যস্থতা সফল হলে | ৩ | প্রতি ১ টি নিষ্পত্তিতে |
| ৪.২ | যে কোন প্রকার মধ্যস্থতা যদি বিচারক নিজে করেন | মধ্যস্থতা ব্যর্থ হলে | ১ | প্রতি ২ টি নিষ্পত্তিতে |

## ৫. মামলা প্রত্যাহার/একতরফা/আপোষ/সোলেসূত্রে

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫.১ | যে কোন প্রকার মামলা | মামলা একতরফা /আপোষ/সোলেসূত্রে নিষ্পত্তির মাধ্যমে | ১ | প্রতি ২ টি নিষ্পত্তিতে |
| ৫.২ | যে কোন প্রকার মামলা | প্রত্যাহার | ১ | প্রতি ৪ টি নিষ্পত্তিতে |

## ৬. তদ্বিরের অভাবে খারিজ

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৬.১ | যে কোন প্রকার মামলা | তদ্বিরের অভাবে খারিজ এর মাধ্যমে | ১ | প্রতি ৫ টি নিষ্পত্তিতে |

## ৭. জারী মামলা

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৭.১ | দেওয়ানী/ অর্থ ঋণ মামলা | প্রতিদ্বন্দ্বিতামূলক | ২ | মামলা ৩ বছরের অধিক পুরাতন হলে প্রতি ৩ বছরের জন্য অতিরিক্ত ১ পয়েন্ট যোগ হবে। |
| ৭.২ | পারিবারিকসহ অন্যান্য | প্রতিদ্বন্দ্বিতামূলক | ১ | |
| ৭.৩ | দেওয়ানী/ অর্থ ঋণ মামলা | একতরফা | ১ | |
| ৭.৪ | পারিবারিকসহ অন্যান্য | একতরফা | ০.৫ | |

## (খ) আনুষঙ্গিক/সহায়ক শুনানি ও নিষ্পত্তি
## (Secondary/ancilary hearing and disposal)

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | অস্থায়ী নিষেধাজ্ঞা | প্রতিদ্বন্দ্বিতামূলক | ১ | প্রতিটি নিষ্পত্তিতে |
| ১.২ | রিসিভার/ স্থানীয় তদন্ত/ পরিদর্শন/The Code of Civil Procedure এর ২৪ ধারায় মামলা স্থানান্তর সংক্রান্ত দরখাস্ত | প্রতিদ্বন্দ্বিতামূলক | ১ | প্রতি ২ টি নিষ্পত্তিতে |
| ১.৩ | সময়ের দরখাস্ত ব্যতীত অন্য সকল দরখাস্ত | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ৫ টি নিষ্পত্তিতে |
| ১.৪ | ইস্যু গঠন | শুনানি ও ইস্যু গঠন | ১ | প্রতি ৫ টি মামলায় ইস্যু গঠনে |
| ১.৫ | আর্জি ফেরত | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ৩ টি মামলার আর্জি ফেরতে |
| ১.৬ | অর্থ ঋণ আদালত আইনের ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৬ ধারার দরখাস্ত | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ২ টি নিষ্পত্তিতে |

## (গ) সাক্ষ্য গ্রহণ

| ক্রমিক নং | প্রশাসনিক কাজের ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|
| ১.১ | সাক্ষ্য গ্রহণ | ১ | ১জন সাক্ষীর পূর্ণ সাক্ষ্য গ্রহণের মাধ্যমে প্রতি ১০ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণে ১ পয়েন্ট। |

## (ঘ) বিবিধ (আনুষঙ্গিক/সহায়ক কাজ হিসাবে গণ্য হবে)

| ক্রমিক নং | প্রশাসনিক কাজের ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|
| ১.১ | আনুষ্ঠানিক বাৎসরিক আদালত পরিদর্শন | ৫ | পরিদর্শন প্রতিবেদন দাখিল সাপেক্ষে উক্ত পয়েন্ট প্রাপ্য হবে। |
| ১.২ | কোনো অভিযোগের প্রাথমিক তদন্ত /বিভাগীয় মামলার তদন্ত ও নিষ্পত্তি | ৩ | প্রতি ১ টি তদন্ত/ নিষ্পত্তিতে |
| ১.৩ | নেজারত বিভাগ ব্যতীত অন্যান্য দপ্তর/বিভাগের দায়িত্ব পালন | ২ | প্রতি মাসে দায়িত্ব পালনের জন্য |
| ১.৪ | নেজারত বিভাগের দায়িত্ব পালন | ৪ | প্রতি মাসে দায়িত্ব পালনের জন্য |

# ফৌজদারী বিষয়াবলী (১)

## (ক) মূল নিষ্পত্তি (Substantive Disposal)

### ১. দায়রা/বিশেষ আদালত/স্পেশাল ট্রাইব্যুনাল এর মামলাসমূহ

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | দায়রা আদালতে বিচার্য্য (সর্বোচ্চ ১৪ বছর পর্যন্ত কারাদন্ডযোগ্য অপরাধের ক্ষেত্রে) | রায়ের মাধ্যমে শাস্তি প্রদান/ খালাস | ৫ | (১) আসামীর সংখ্যা ১০ জনের অধিক হলে প্রতি ১০ জন আসামীর জন্য ১ পয়েন্ট যোগ হবে।<br>(২) সাক্ষীর সংখ্যা ১০ জনের অধিক হলে প্রতি ১০ জন সাক্ষীর জন্য ১ পয়েন্ট যোগ হবে।<br>(৩) ৫ বছরের অধিক পুরাতন মামলার ক্ষেত্রে প্রতি ৫ বছরের জন্য অতিরিক্ত ১ পয়েন্ট যোগ হবে। |
| ১.২ | স্পেশাল/স্পেশাল ট্রাইব্যুনাল/নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে বিচার্য্য (সর্বোচ্চ ১৪ বছর পর্যন্ত কারাদন্ডযোগ্য অপরাধের ক্ষেত্রে) | রায়ের মাধ্যমে শাস্তি প্রদান/খালাস | ৪ | |
| ১.৩ | দায়রা/স্পেশাল/স্পেশাল ট্রাইব্যুনাল/নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে বিচার্য্য (মৃত্যুদন্ড/যাবজ্জীবন কারাদন্ড যোগ্য অপরাধের ক্ষেত্রে ) | রায়ের মাধ্যমে শাস্তি প্রদান/খালাস | ৬ | |
| ১.৪ | নারী ও শিশু নির্যাতন দমন আইনের ধারা ৭/১১ (গ) এর অধীনে দায়েরকৃত মামলা | রায়ের মাধ্যমে শাস্তি প্রদান/খালাস | ৩ | |
| ১.৫ | The Negotiable Instrument Act, 1838 এর মামলা | রায়ের মাধ্যমে শাস্তি প্রদান/খালাস | ২ | পুরাতন মামলার ক্ষেত্রে প্রতি ৫ বছরের জন্য অতিরিক্ত ১ পয়েন্ট যোগ হবে। |

## ২. আপীল

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২.১ | ফৌজদারী আপীল | গুণাগুণের ভিত্তিতে আপীল নিষ্পত্তি | ৩ | ৩ বছরের অধিক পুরাতন মামলার ক্ষেত্রে প্রতি ৩ বছরের জন্য ১ পয়েন্ট অতিরিক্ত যোগ হবে |
| ২.২ | The Negotiable Instrument Act, 1838 এর মামলা | গুণাগুণের ভিত্তিতে আপীল নিষ্পত্তি | ২ | |

## ৩. রিভিশন

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩.১ | ফৌজদারী রিভিশন | গুণাগুণের ভিত্তিতে রিভিশন নিষ্পত্তি | ১ | ৩ বছরের অধিক পুরাতন মামলার ক্ষেত্রে প্রতি ৩ বছরের জন্য ১ পয়েন্ট অতিরিক্ত যোগ হবে |

## ৪. দরখাস্ত (ফৌজদারী মিস/ জামিন শুনানি)

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৪.১ | ফৌজদারী মিস/ জামিন শুনানি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ৮ টি নিষ্পত্তিতে |

## ৫. অন্যান্য শুনানি ও নিষ্পত্তি

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫.১ | The Code of Criminal Procedure এর ২০৩ ধারা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |
| ৫.২ | The Code of Criminal Procedure এর ২৬৫সি ধারায় ডিসচার্জ হলে | শুনানি ও নিষ্পত্তি | ২ | প্রতিটি নিষ্পত্তিতে |
| ৫.৩ | The Code of Criminal Procedure এর ২৬৫ই ধারা অনুযায়ী নিষ্পত্তি | শুনানি ও নিষ্পত্তি | ২ | প্রতিটি নিষ্পত্তিতে |
| ৫.৪ | The Code of Criminal Procedure এর ৫২৬ ধারা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |

## (খ) আনুষঙ্গিক/সহায়ক শুনানি ও নিষ্পত্তি

## (Secondary/ancilary hearing and disposal)

### ১. দায়রা আদালত/ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/ স্পেশাল ট্রাইব্যুনাল সমূহের অন্যান্য কার্যক্রমসমূহ (যেক্ষেত্রে যা' প্রযোজ্য)

| ক্রমিক নং | কার্যক্রমের প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | The Code of Criminal Procedure এর ২০২ ধারার শুনানি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |
| ১.২ | The Code of Criminal Procedure এর ২৬৫ডি ধারায় চার্জ গঠন/ আংশিক (Partial) ডিসচার্জ হলে | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |
| ১.৩ | মামলার জব্দকৃত আলামত নিষ্পত্তি (Disposal of Seized Property) সংক্রান্ত আদেশ | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |
| ১.৪ | নারাজী দরখাস্ত নিষ্পত্তি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |
| ১.৫ | The Code of Criminal Procedure এর ৩৪২ ধারায় আসামী পরীক্ষা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |

# ফৌজদারী বিষয়াবলী (২)

## (ক) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর মামলাসমূহ

## ১. মূল নিষ্পত্তি (Substantive Disposal)

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | জি.আর/ সি.আর মামলা | রায়ের মাধ্যমে শাস্তি প্রদান/খালাস | ৪ | (১) আসামীর সংখ্যা ৮ জনের অধিক হলে প্রতি ৮ জন আসামীর জন্য ১ পয়েন্ট যোগ হবে।<br>(২) সাক্ষীর সংখ্যা ৮ জনের অধিক হলে প্রতি ৮ জন সাক্ষীর জন্য ১ পয়েন্ট যোগ হবে।<br>(৩) ৩ বছরের অধিক পুরাতন মামলার ক্ষেত্রে প্রতি ৫ বছরের জন্য অতিরিক্ত ১ পয়েন্ট যোগ হবে। |
| ১.২ | নন জি.আর | রায়ের মাধ্যমে শাস্তি প্রদান/খালাস | ২ | |
| ১.৩ | The Code of Criminal Procedure এর ২০৩ ধারার শুনানি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |
| ১.৪ | The Code of Criminal Procedure এর ২৪১এ ধারায় ডিসচার্জ হলে | শুনানি ও নিষ্পত্তি | ২ | প্রতিটি নিষ্পত্তিতে |
| ১.৫ | The Code of Criminal Procedure এর ২৪৩ ধারা অনুযায়ী নিষ্পত্তি। | শুনানি ও নিষ্পত্তি | ২ | প্রতিটি নিষ্পত্তিতে |
| ১.৬ | The Code of Criminal Procedure এর ২৪৭ ধারা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ১০ টি নিষ্পত্তিতে |
| ১.৭ | The Code of Criminal Procedure এর ২৪৮ ধারা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |
| ১.৮ | The Code of Criminal Procedure এর ২৪৯ ধারা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৯ | The Code of Criminal Procedure এর ৩৪৫ (৬) ধারায় প্রদত্ত আদেশ | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |
| ১.১০ | The Code of Criminal Procedure এর ৫২৮ ধারা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |
| ১.১১ | নন.জি.আর (দোষ স্বীকার/ নিষ্পত্তি) | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ৫ টি নিষ্পত্তিতে |
| ১.১২ | স্পেশাল ম্যাজিস্ট্রেট কর্তৃক ভ্রাম্যমান আদালতে অভিযোগ আমলের গ্রহণসহ সংক্ষিপ্ত বিচারের মাধ্যমে অভিযোগটি চূড়ান্ত নিষ্পত্তিকরণ | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতিটি নিষ্পত্তিতে |
| ১.১৩ | সরকারি দাবি/জরিমানা বাবদ অর্থ আদায় সংক্রান্ত আদেশ | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ১ লক্ষ টাকা আদায়ের জন্য |

## ২. আপীল

| ক্রমিক নং | মামলার প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২.১ | ফৌজদারী আপীল (সিজেএম/ সিএমএম) | গুণাগুণের মাধ্যমে আপীল নিষ্পত্তি | ২ | ৩ বছরের অধিক পুরাতন মামলার ক্ষেত্রে প্রতি ৩ বছরের জন্য ১ পয়েন্ট অতিরিক্ত যোগ হবে |
| ২.২ | ফৌজদারী আপীল (সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট) | গুণাগুণের মাধ্যমে আপীল নিষ্পত্তি | ১ | |

## (খ) আনুষঙ্গিক/সহায়ক শুনানি ও নিষ্পত্তি (Secondary/ancilary hearing and disposal)

## ১. ম্যাজিস্ট্রেট আদালতের অন্যান্য কার্যক্রমসমূহ

| ক্রমিক নং | কার্যক্রমের প্রকৃতি | নিষ্পত্তির ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | The Code of Criminal Procedure এর ২০০ ধারা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |
| ১.২ | The Code of Criminal Procedure এর ২০২ ধারা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৩ | The Code of Criminal Procedure এর ২৪১ ধারায় চার্জ গঠন/ আংশিক (Partial) ডিসচার্জ হলে | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |
| ১.৪ | মামলার জব্দকৃত আলামত নিষ্পত্তি (Disposal of seized property) সংক্রান্ত আদেশ | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |
| ১.৫ | নারাজী দরখাস্ত নিষ্পত্তি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৪ টি নিষ্পত্তিতে |
| ১.৬ | জামিন শুনানি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ১৫ টি নিষ্পত্তিতে |
| ১.৭ | রিমান্ড শুনানি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |
| ১.৮ | The Code of Criminal Procedure এর ১৬৪ ধারায় দোষ স্বীকারোক্তিমূলক জবানবন্দি | শুনানি ও নিষ্পত্তি | ২ | প্রতিজন আসামীর ক্ষেত্রে |
| ১.৯ | The Code of Criminal Procedure এর ১৬৪ ধারায় প্রদত্ত বিবৃতি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ১০ টি নিষ্পত্তিতে |
| ১.১০ | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আইন এর ২২ ধারায় প্রদত্ত বিবৃতি | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ১০ টি নিষ্পত্তিতে |
| ১.১১ | আসামী সনাক্তকরণ মহড়া (TIP) | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতিটি মহড়ায় |
| ১.১২ | জুডিসিয়াল ইনকোয়ারী | শুনানি ও নিষ্পত্তি | ২ | প্রতিটি নিষ্পত্তিতে |
| ১.১৩ | The Code of Criminal Procedure এর ৩৪২ ধারায় আসামী পরীক্ষা | শুনানি ও নিষ্পত্তি | ১ | প্রতি ০৫ টি নিষ্পত্তিতে |

## (গ) সাক্ষ্য গ্রহণ (সকল ফৌজদারী আদালতের জন্য প্রযোজ্য)

| ক্রমিক নং | প্রশাসনিক কাজের ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|
| ১.১ | সাক্ষ্য গ্রহণ | ১ | প্রত্যেক সাক্ষীর পূর্ণ সাক্ষ্য গ্রহণের মাধ্যমে প্রতি ১০ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণে |

## (ঘ) বিবিধ ( আনুষঙ্গিক/সহায়ক কাজ হিসাবে গণ্য হবে)

| ক্রমিক নং | প্রশাসনিক কাজের ধরন | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|
| ১.১ | আনুষ্ঠানিক বাৎসরিক আদালত পরিদর্শন | ৫ | পরিদর্শন প্রতিবেদন দাখিল সাপেক্ষে উক্ত পয়েন্ট প্রাপ্য হবে। |
| ১.২ | কোনো অভিযোগের ভিত্তিতে প্রাথমিক তদন্ত কিংবা বিভাগীয় মামলার শুনানি ও নিষ্পত্তি | ৩ | প্রতি ১ টি তদন্ত/ নিষ্পত্তিতে |
| ১.৩ | নেজারত ব্যতীত বিভিন্ন দপ্তর/ শাখা-র দায়িত্ব পালন | ২ | প্রতি মাসে দায়িত্ব পালনের জন্য |
| ১.৪ | নেজারত -এর দায়িত্ব পালন | ৪ | প্রতি মাসে দায়িত্ব পালনের জন্য |
| ১.৫ | থানা পরিদর্শন | ২ | প্রতি মাসে দায়িত্ব পালনের জন্য |
| ১.৬ | পুলিশ-ম্যাজিস্ট্রেসী কনফারেন্স | ১ | ফোকাল পারসন হিসেবে প্রতি কনফারেন্সে দায়িত্ব পালনের জন্য |
| ১.৭ | মাদক/ আলামত ধ্বংস বিষয়ক কার্যক্রম | ১ (প্রতি দিনের জন্য) | এক্ষেত্রে প্রতি মাসে ০৫ পয়েন্টের বেশি অর্জনের সুযোগ থাকবে না |
| ১.৮ | নিলাম কার্যক্রমের ক্ষেত্রে | ১ | প্রতিটি নিলাম কার্যক্রম সম্পাদন করার জন্য |
| ১.৯ | victim জিম্মা কার্যক্রম | ১ | প্রতি ৫ টি জিম্মা কার্যক্রম সম্পন্নের জন্য |

* মামলার সংখ্যা/ কোর্টের ধরন/ এজলাস শেয়ার/ স্টেনো টাইপিস্ট-এর অপ্রাপ্যতা প্রভৃতি সহ সার্বিক বিষয়াদি বিবেচনা করে কোনো অপর্যাপ্ত নিষ্পত্তিকে অনুবেদনকারী কর্মকর্তা যৌক্তিকতা উল্লেখপূর্বক **'পর্যাপ্ত নিষ্পত্তি'** বলে গণ্য করতে পারবেন (Discretionary power subject to satisfaction of the controlling officer)।

* যেক্ষেত্রে পূর্ণাঙ্গ পয়েন্ট পাওয়া যাবে না, সেক্ষেত্রে কাজ অনুপাতে ভগ্নাংশ হিসাবে পয়েন্ট গণনা করা হবে।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd